

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায় (১ম সংশোধিত)
হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
১/আই, পরিবাগ, শাহবাগ, ঢাকা
www.templeedu.gov.bd

নং-১৬.০৫.০০০০.১০১.১১.০৭৫.২০.১৪১

তারিখ: ০১/০৩/২০২০খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নাধীন "মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায় (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদকালীন নিম্নোক্ত পদসমূহ পূরণের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম	শূন্য পদের সংখ্যা	সর্বোচ্চ বয়স (বছর)	সাকুল্যে বেতন	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং অন্যান্য প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৪	৫	৬
০১।	সহকারী প্রকল্প পরিচালক (গ্রেড-৯)	০১	৩০	৩৫,৬০০.০০/ ৩৩,৪০০.০০/ ৩২,৩০০.০০	১. দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা এইচ.এস.সি এর পরে ০৪(চার) বৎসরের ডিগ্রী। ২. সনাতন ধর্মাবলম্বী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
০২।	সহকারী প্রকল্প পরিচালক (আইটি) (গ্রেড-৯)	০১	৩০	৩৫,৬০০.০০	১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/সিএসই/ আইসিটি/আইটি বিষয়ে চার বছরের সনাতক (সম্মান) ডিগ্রী। ২. কম্পিউটার সায়েন্স/ইঞ্জিনিয়ারিং সিএসই বিষয়ে মাস্টার্স ডিগ্রি সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। ৩. অধিকন্তু আইসিটি/আইটি/প্রোগ্রামিং সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে এবং অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।
০৩।	ফিল্ড সুপারভাইজার (গ্রেড-১৩)	০২	৩০	১৯,৬০০.০০ ১৮,৫০০.০০ ১৭,৯৫০.০০	১. স্নাতক ডিগ্রী ২. মটর সাইকেল চালানোয় পারদর্শী হতে হবে।

শর্তাবলীঃ

- ০১। জনপ্রশাসন মন্ত্রণালয় (www.mopa.gov.bd) কর্তৃক প্রণীত নিয়োগ আবেদন ফরমে ০১, ও ০২নং ক্রমিকে বর্ণিত পদের জন্য সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে এবং ০৩ নং ক্রমিকের পদের জন্য প্রকল্প পরিচালক, মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায় (১ম সংশোধিত), ১/আই, পরিবাগ, শাহবাগ, ঢাকা বরাবরে আবেদন করতে হবে।
- ০২। সকল পদের আবেদনপত্র আগামী ১৮/০৩/২০২০ খ্রি. তারিখ অফিস চলাকালীন "মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়" শীর্ষক প্রকল্প, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ১/আই, পরিবাগ, শাহবাগ, ঢাকা অফিসে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে অথবা সরাসরি পৌছাতে হবে।
- ০৩। বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে চালানোর মাধ্যমে ০১ ও ০২ নং ক্রমিক বর্ণিত পদের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ০৩ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ১০০/- (একশত) টাকা ১-৩৫০১-০০০১-২৬৭১ নং কোডে জমা করত: চালানোর মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

- ০৪। অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। আবেদনে বর্ণিত তথ্যের স্বপক্ষে সকল প্রকার মূল সনদপত্র (অভিজ্ঞতার মূল সনদসহ) মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
- ০৫। আবেদন ফরমে বর্ণিত পরিমাপের (পাসপোর্ট সাইজ-২কপি এবং স্ট্যাম্প সাইজ-০১কপি) সদ্য তোলা ছবি সংযুক্ত করতে হবে।
- ০৬। নির্ধারিত ফরমে ব্যতিত অথবা ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ০৭। প্রতিষ্ঠান/প্রকল্পে চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ০৮। উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রার্থীদের প্রদত্ত যোগাযোগের ঠিকানায় চিঠির মাধ্যমে জানানো হবে। আবেদনকারীর বর্তমান পত্র যোগাযোগের ঠিকানা সম্বলিত ১০(দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিটসহ ৪.৫"×৯.৫" সাইজের একটি খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং খামের উপর নিজ জেলা ও পদের নাম উল্লেখ করতে হবে।
- ০৯। প্রার্থীদের লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার ফলাফল এবং মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রকল্পের ওয়েবসাইট (www.templeedu.gov.bd) এবং নোটিশবোর্ডে প্রকাশ করা হবে।
- ১০। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদ্বির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ, বাছাই ও বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১১। প্রার্থীর বয়স ০১/০৩/২০২০ তারিখে ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধীর ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য এবং নাতী-নাতনীগণের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ১৮-৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেবিট গ্রহণযোগ্য নয়।
- ১২। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(রঞ্জিত কুমার দাস)

প্রকল্প পরিচালক

মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়